গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৮০ | তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৮ জুন ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**আজ ০৮ জুন ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, রাজশাহী, দিনাজপুর, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম ও কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রসহবৃষ্টি অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**ভারী বর্ষণের সতর্কবাণীঃ** সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে চট্টগ্রাম, ঢাকা এবং বরিশাল বিভাগের কোথাও কোথাও (০৭ জুন ২০২১ খ্রিঃ) বিকাল ০৪ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে ভারী (২৪ ঘন্টায় ৪৪-৮৮ মিমি) থেকে অতি ভারী (২৪ ঘন্টায় ৮৯ মিমি বা তার বেশি) বর্ষণ হতে পারে।

**০৮ জুন ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ** দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু চট্টগ্রাম, বরিশাল, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগ পর্যন্ত অগ্রসর হয়েছে। দেশের অবশিষ্টাংশে মৌসুমী বায়ু আরও অগ্রসর হওয়ার জন্য আবহাওয়াগত পরিস্থিতি অনুকূলে রয়েছে। মৌসুমী বায়ু দেশের পূর্বাঞ্চলের উপর সক্রিয় এবং উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে এটি মাঝারী অবস্থায় বিরাজ করছে।

**পূর্বাভাসঃ** ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপ-প্রবাহঃ** ফরিদপুর, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ এবং কুষ্টিয়া অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২)ডিগ্রী সে. হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.৩ | ৩১.৩ | ৩৩.৪ | ৩২.৭ | ৩৭.৭ | ৩৫.৫ | ৩৬.৫ | ৩৩.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৩.৪ | ২৪.০ | ২৪.০ | ২৪.৬ | ২২.৮ | ২৪.৩ | ২৩.৫ | ২৩.২ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ঈশ্বরদী ৩৭.৭$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বগুড়া ২২.৮$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা ও পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৪৮ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয় ও ত্রিপুরা প্রদেশের স্থানসমূহে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এই সময়ে আপার মেঘনা ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল সময়বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ/০৮ জুন ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):** নেই

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**বৃষ্টিপাতের তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| লালাখাল | *২৩১.০* | *জাফলং* | *১২৯.০* | *ভাগ্যকূল* | *৭২.০* |
| লামা | *৬৬.০* | *টেকনাফ* | *৫৬.০* | *বরিশাল* | *৫৪.০* |

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৬৩ | গেজ পাঠ পাওয়া যায়নি | ডাটা সংগ্রহ শুরু হয় নি (০১ টি) |
| হ্রাস | ৩৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০৩ | **বিপদসীমার উপরে** | ০ |

**অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৬ জুন, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৭ জুন, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৫ | ৩ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৩ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৪ | ০ | ০ |
| | **মোট** | **১৫** | **৩** | **০** |

### জেলা ভিত্তিক অগ্নিকান্ডের তথ্যঃ

**১। ঢাকাঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, ০৭/০৬/২০২১ তারিখ ভোর ৪.০০ ঘটিকায় সাততলা বস্তি, মহাখালী, ঢাকা এলাকায় আগুন লাগে। ফায়ার সার্ভিসের ১৮ টি ইউনিটের প্রচেষ্টায় সকাল ৯.১৫ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আসে। এ অগ্নিকান্ডে সাগর (২৫), বাবর (২৫) এবং ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর শাওন (২৫) নামের ৩ (তিন) জন আহত হয়।

**বজ্রপাতে নিহত ব্যক্তির তালিকা:**

| ক্রঃ নং | জেলার নাম | নিহত ব্যক্তির নাম ও ঠিকানা | বয়স (বছর) | বজ্রপাতের/দুর্ঘটনার তারিখ ও সময় | অনুদান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | চুয়াডাঙ্গা | মোঃ কোরবান আলী, পিতা- ফকির মোহাম্মদ, গ্রাম- রুইতনপুর, ইউনিয়ন- চিৎলা, উপজেলা- আলমডাঙ্গা। | ৪০ | ০৬/০৬/২০২১ বিকাল ৫.০০ ঘটিকা | | মাঠে কাজ করা অবস্থায় |
| ২। | ফরিদপুর | মোঃ সিয়াম, পিতা- শামচুল হক, গ্রাম- সমসের মাতুব্বর ডাঙ্গী, ইউনিয়ন- চরবিষ্ণুপুর, উপজেলা- সদরপুর। | ১৩ | ০৭/০৬/২০২১ | ২০,০০০/- | বাড়ির উঠানে |
| ৩। | পিরোজপুর | আবুল কালাম বাহার, পিতা- মৃত আঃ কাদের , গ্রাম- গুয়ারেখা, ইউনিয়ন- গুয়ারেখা, উপজেলা- নেছারাবাদ। | ৫২ | ০৭/০৬/২০২১ | | বাড়ির উঠানে কাজ করার সময় |
| | | জাহানারা বেগম, স্বামী- আবুল কালাম বাহার , গ্রাম- গুয়ারেখা, ইউনিয়ন- গুয়ারেখা, উপজেলা- নেছারাবাদ। | ৪৫ | ০৭/০৬/২০২১ | | বাড়ির উঠানে কাজ করার সময় |
| ৪। | নওগাঁ | মোঃ হোসেন, পিতা: মোঃ আব্দুল মজিদ, গ্রাম- সাহাবাজপুর, ইউনিয়ন- সাপাহার, উপজেলা- সাপাহার। | ১৪ | ০৭/০৬/২০২১ | | মাঠে কাজ করে বাড়ি ফেরার সময় |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫। | রাজশাহী | মোঃ শাকিল, পিতা: সোহরাব, গ্রাম- সুকপাড়া, ইউনিয়ন- শিলমাড়িয়া, উপজেলা- পুঠিয়া। | ২৫ | ০৬/০৬/২০২১ | ২০,০০০/- | আম কুড়াতে গিয়ে |
| | | মুক্তা বেগম, স্বামী: মোঃ আজম আলী, গ্রাম-চরকাপাশিয়া, ইউনিয়ন- চৌমহনী, উপজেলা- চারঘাট। | ৩৫ | ০৭/০৭/২০২১ | ২০,০০০/- | |
| | | আলীয়া বেগম(বাদলী), স্বামী: মোঃ কাবিল আলী, গ্রাম- চরকাপাশিয়া, ইউনিয়ন- চৌমহনী, উপজেলা- চারঘাট। | ৬০ | ০৭/০৭/২০২১ | ২০,০০০/- | |
| | | মো: সোহার আলী, পিতা: মোঃ মাহাবুব আলী, গ্রাম- চরকাপাশিয়া, ইউনিয়ন- চৌমহনী, উপজেলা- চারঘাট। | ১০ | ০৭/০৭/২০২১ | ২০,০০০/- | |
| | | পরশ আলী, পিতা: জনি আলী, গ্রাম-চরকাপাশিয়া, ইউনিয়ন- চৌমহনী, উপজেলা- চারঘাট। | ১০ | ০৭/০৭/২০২১ | ২০,০০০/- | |

**বজ্রপাতে আহত ব্যক্তির তালিকা:**

| ক্রঃ নং | জেলার নাম | আহত ব্যক্তির নাম ও ঠিকানা | বয়স (বছর) | বজ্রপাতের/দুর্ঘটনার তারিখ ও সময় | অনুদান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | রাজশাহী | মোঃ হাফিজুর মোল্লা, পিতা: তছির উদ্দীন, গ্রাম- সুকপাড়া, ইউনিয়ন- শিলমাড়িয়া, উপজেলা- পুঠিয়া। | ২৫ | ০৬/০৬/২০২১ | ১০,০০০/- | আম কুড়াতে গিয়ে |
| | | মো: ভুট্টু আলী, পিতা: উকিল আলী, গ্রাম-চরকাপাশিয়া, ইউনিয়ন- চৌমহনী, উপজেলা- চারঘাট। | ১৮ | ০৭/০৬/২০২১ | ১০,০০০/- | |
| | | মো: জীবন আলী, পিতা: মোঃ আজম আলী, গ্রাম-চরকাপাশিয়া, ইউনিয়ন- চৌমহনী, উপজেলা- চারঘাট। | ১০ | ০৭/০৬/২০২১ | ১০,০০০/- | |

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ**

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৭/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২০২ নম্বর স্মারকের মাধ্যমে পাহাড় ধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

| ক্রঃ নং | জেলার নাম | নগদ অর্থ বরাদ্দের পরিমান (টাকা) |
|---|---|---|
| ১। | চট্টগ্রাম | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা |

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৭/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২০৩ নম্বর স্মারকের মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মহাখালীস্থ ৭তলা বস্তিতে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য ৯০০ (নয়শত) প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার জেলা প্রশাসক, ঢাকা এর অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৬/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০১১.১৯.১৯৮ নম্বর স্মারকের মাধ্যমে বন্যা/নদী ভাংগনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা হিসেবে নিম্নোক্ত ৩টি জেলায় বর্ণিত হারে ৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

| ক্রঃ নং | জেলার নাম | নগদ অর্থ বরাদ্দের পরিমান (টাকা) |
|---|---|---|
| ১। | কুড়িগ্রাম | ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা |
| ২। | গাইবান্ধা | ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা |
| ৩। | সিরাজগঞ্জ | ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |
| | মোট | ৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |

৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৬/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০১১.১৯.১৯৯ নম্বর স্মারকের মাধ্যমে ঘূর্ণিঝড়/কালবৈশাখীসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা হিসেবে নিম্নোক্ত ২টি জেলায় বর্ণিত হারে ৭,২০,০০০/- (সাত লক্ষ বিশ হাজার) টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

| ক্রঃ নং | জেলার নাম | নগদ অর্থ বরাদ্দের পরিমান (টাকা) |
|---|---|---|
| ১। | পটুয়াখালী | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা |
| ২। | বরগুনা | ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা |
| | মোট | ৭,২০,০০০/- (সাত লক্ষ বিশ হাজার) টাকা |

৮-৬-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৮০/১(১৭১)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৮ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৮-৬-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা